

শালবনির জমিতে পলিহাউস চাষ করবে জিন্দালরা

এই সময়: শালবনিতে শেষ পর্যন্ত ইম্পাত কারখানা গড়ে তুলতে পারেনি জিন্দাল গোষ্ঠী। বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র তৈরির প্রস্তাব থেকেও আপাতত তারা সরে নাড়িয়েছে। তবে কাজ চলছে সিমেন্ট কারখানার। নবায়ন সূত্রে খবর, এরই মাঝে তাদের কাছে পড়ে থাকা ২৯৪ একর জমিতে পলিহাউস গড়ে চাষ করার পরিকল্পনা রয়েছে জিন্দালদের। প্রাথমিক ভাবে তারা রাজ্য সরকারের সঙ্গে আলোচনাও শুরু করেছে। কৃষিমন্ত্রী পূর্ণেন্দু বসু জানান, 'জিন্দালদের জমি অব্যবহৃত অবস্থায় পড়ে রয়েছে। তাই সেখানে চাষের প্রস্তাব নিয়ে

আধিকারিক পর্যায়ে কথা চলছে। রাজ্য সরকারের কোনও আপত্তি নেই।'

পলিহাউস চাষ আসলে কী?

এই অত্যাধুনিক প্রযুক্তিতে কৃত্রিম উপায়ে আবহাওয়াকে নিয়ন্ত্রণ করে সব ধরনের চাষ করা যায়। লক্ষ্য, আবহাওয়ার তারতম্য যেন প্রভাব না-পড়ে ফসল বা সজির উপরে। বিদেশে ইজরায়েল এ ব্যাপারে নাম কিনেছে। এ দেশে রাজস্থানের মতো কয়েকটি রাজ্যে শুরু হয়েছে পলিহাউস চাষ। পশ্চিমবঙ্গে শ্যাম স্টিলের মতো কয়েকটি সংস্থা পলিহাউস গড়ার প্রস্তাব দিয়েছে।

নবায়ন সূত্রে খবর, ২০১৫ সালে শালবনিতে চাষিদের কাছ থেকে সরাসরি কিনে নেওয়া ২৯৪ একর চাষের জমিতে শিল্প না-করতে পারায় বিনা পয়সায় ফিরিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেয় জিন্দাল গোষ্ঠী। কিন্তু স্থানীয় চাষিরা তা ফিরিয়ে নিতে নারাজ। তাঁরা দাবি তোলেন, ওই জমিতে শিল্পই করতে হবে। সেখানে তাঁদের কাজ দিতে হবে। এর পর থেকেই জিন্দাল গোষ্ঠী ওই জমিতে আধুনিক চাষ নিয়ে ভাবনাচিন্তা শুরু করে। এটা করা সম্ভব হলে স্থানীয়দের চাকরি দেওয়ার প্রতিশ্রুতি রক্ষিত হবে।